

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ৬. অকারণে দু হাজার প্রাণি হত্যা

ইঞ্জিলগুলো যীশুর অন্য একটা অলৌকিক কর্মের বর্ণনায় লেখেছে যে, তিনি একজন বা দু'জন পাগলের অনেকগুলো ভূত বের করে দু 'হাজার শূকরের দেহে প্রবেশ করান; এতে শূকরগুলো সমুদ্রে ডুবে মরে। তৃতীয় অধ্যায়ে ঘটনার স্থান বিষয়ক বৈপরীত্য আমরা আলোচনা করেছি। এখানে গণ-আত্মহত্যার গল্পটা দেখুন:

"তাতে বদ-রূহরা ফরিয়াদ করে তাঁকে বললো, যদি আমাদের ছাড়িয়ে দেন, তবে ঐ শূকরের পালে পাঠিয়ে দিন। তিনি তাদেরকে বললেন, চলে যাও। তখন তারা বের হয়ে সেই শূকরের পালে প্রবেশ করলো; আর দেখ, সমস্ত শূকর মহাবেগে ঢালু পাড় দিয়ে দৌড়ে গিয়ে সাগরে পড়লো ও পানিতে ডুবে মারা গেল। তখন যারা পাল চড়াচ্ছিল তারা পালিয়ে গেল।" (মথি ৮/৩১-৩৩, মো.-১৩; লূক ৮/৩২-৩৪।)

মার্কের বর্ণনায়: "তখন সেই নাপাক রূহরা বের হয়ে শূকরদের মধ্যে প্রবেশ করলো; তাতে সেই শূকর-পাল, কমবেশ দুই হাজার শূকর, মহাবেগে দৌড়ে ঢালু পাড় দিয়ে সাগরে গিয়ে পড়লো এবং সাগরে ডুবে মারা গেল।" (মার্ক ৫/১১-১৭)

সুপ্রিয় পাঠক, এ ঘটনাটাকে কিভাবে মূল্যায়ন করবেন? এটা কি অকারণ হত্যাযজ্ঞ নয়? নিম্নের বিষয়গুলো লক্ষ্য করুন:

- (১) ভূত তাড়ানোর জন্য কি ভূত বা নাপাক রূহকে অন্যের দেহে প্রবেশের ব্যবস্থা করা জরুরি? এভাবে অকারণে দু' হাজার প্রাণ বিনষ্ট না করে কি ভূত ছাড়ানো যেত না? বর্তমানে সারা বিশ্বের সকল সমাজেই এরূপ ভূত তাড়ানোর কুসংস্কার বিদ্যমান। কিন্তু কোনো ওঝা, ফাদার, সেন্ট, পাদরি, কবিরাজ, 'ঠাকুর' বা 'হুজুর' যদি ভূত তাড়ানোর নামে ২০০০ ছাগল, ভেড়া বা শূকর হত্যা করে তবে আপনি তা কিভাবে নেবেন? যীশু কি পারতেন না যে, শূকরগুলোকে হত্যা না করে ভূতগুলোকেই সাগরে পাঠিয়ে দেবেন? একেবারেই যদি তিনি অক্ষম হতেন, তবে অন্তত একজন পাগলের ভূতগুলোকে একটা শূকরের দেহের মধ্যে প্রবেশ করাতেন। তাহলে অন্তত একটা শূকর হত্যার মধ্য দিয়ে ভূত তাড়ানোর কর্মটা সম্পন্ন হত্যে।
- (২) একেবারেই অকারণে, খেলাচ্ছলে যদি কেউ ২০০০ নয়, দুটা গরু, ছাগল, ভেড়া বা শূকর এভাবে হত্যা করে তবে আপনি তাকে কী বলবেন?
- (৩) এ অকারণ হত্যাকাণ্ড কি মহাপাপ নয়? কোনো কারণ ও প্রয়োজন ছাড়াই দু' হাজার প্রাণিকে হত্যা করা হল। উপরস্তু এগুলো মালিকানাধীন শূকর ছিল। এভাবে কিছু মানুষের বিপুল সম্পদ বা আজীবনের সঞ্চয় বিনষ্ট করে তাদের মহাক্ষতি করা হল। সম্ভবত এজন্যই এ ভয়ঙ্কর ধ্বংসযজ্ঞের কারামতি দেখে এলাকার মানুষ ঈমান গ্রহণের পরিবর্তে যীশুকে দ্রুত তাদের এলাকা পরিত্যাগের অনুরোধ করেন। ক্ষতিগ্রস্ত মানুষগুলো ও তাদের আপনজনদের ক্রুদ্ধ হয়ে গোলমাল পাকানোর আগেই! (মার্ক ৫/১৭)



(8) পাঠক যদি এ কর্মকে পাপ নয় বলে দাবি করেন তবে প্রশ্ন হল, আপনার ২০০০ ছাগল বা শূকর যদি এভাবে হত্যা করা হয় তবে আপনি অসম্ভষ্ট হবেন না তো? যদি জঙ্গলের বন্য দু' হাজার হরিণ বা খরগোশ অকারণে হত্যা করা হয় তবে আপনি একে অমানবিক বলবেন না তো?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14354

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন